

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ কোন ঋতুবতী নারীর সাথে তার স্বামী আলিঙ্গন করতে চাইলে তাকে অন্তর্বাস পরিধান করে নেওয়ার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ لِلْمَنْأَةِ الْحَائِضِ بِالِاتِّزَارِ عِنْدَ إِرَادَةِ مُبَاشَرَةِ الزَّوْجِ إِيَّاهَا

আরবী

1364 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلِ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلِ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوْانَةَ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُلُ إِحْدَانَا إِذَا كَانَتْ حَائِضًا أَنْ تتزر ثم يباشرها.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1364 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৬৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে কেউ একজন ঋতুবতী হলে তাকে অন্তর্বাস পরিধান করার নির্দেশ দিতেন, তারপর তিনি তার সাথে আলিঙ্গন করতেন।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১/৬২; আবূ আওয়ানা: ১/৩০৮; মুসনাদ আহমাদ: ৬/১৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১২৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৪/২৫৪; সহীহ আল বুখারী: ৩০০; সহীহ মুসলিম: ২৯৩; আবূ দাউদ: ২৬৮; তিরমিযী: ১৩২; নাসাঈ: ১/১৮৯; ইবনু মাজাহ: ৬৩৬; দারেমী: ১/২৪২; ইবনুল জারুদ: ১০৬; সুনান বাইহাকী: ১/৩১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন।



আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ২৬১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন